

যুগান্তর

এইচএসসির পাঁচ দিনের পরীক্ষার সূচি পরিবর্তন

প্রকাশ : ০৯ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর রিপোর্ট

চলমান এইচএসসি ও সমমানের পরীক্ষার পাঁচ দিনের সময়সূচিতে পরিবর্তন আনা হয়েছে। ছুটি না রেখে বা কম ছুটি দিয়ে রাজ্যিক তৈরি ও পবিত্র শব্দেবরাতের ছুটির কারণে এই ৫ দিনের পরীক্ষা নতুন সময়সূচি অনুযায়ী নেয়া হবে। সোমবার পরিবর্তিত সূচি প্রকাশ করা হয়েছে। এতে বলা হয়, ১৭ এপ্রিলের পরীক্ষা ৯ মে, ১৮ এপ্রিলের পরীক্ষা ১১ মে এবং ২২ এপ্রিলের পরীক্ষা ১২ মে নেয়া হবে।

এছাড়া ৪ মে এবং ৬ মে'র পরীক্ষা একই দিন সকালের পরিবর্তে বিকালে নেয়া হবে। এর মধ্যে ২২ এপ্রিলের পরীক্ষা পেছানো হয়েছে শব্দেবরাতের ছুটির কারণে। এদিকে উল্লিখিত ৫ দিনের মধ্যে ৪ দিনই মাদ্রাসার আলিমের পরীক্ষা আছে। ১৮ এপ্রিল ইংরেজি দ্বিতীয়পত্র, ২২ এপ্রিল বাংলা দ্বিতীয়পত্র, ৪ মে জীববিজ্ঞান প্রথমপত্র এবং ৬ মে জীববিজ্ঞান দ্বিতীয়পত্রের পরীক্ষা নির্ধারিত আছে। তবে পরীক্ষা পেছানো হবে কি না, সে ব্যাপারে সোমবার রাত ৭টা পর্যন্ত মাদ্রাসা শিক্ষা বোর্ড কোনো সিদ্ধান্ত নেয়নি। ১ এপ্রিল এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।